

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ
তথ্য ও সংস্কৃতি দপ্তর,
ত্রিপুরা, পশ্চিম ত্রিপুরা

দুর্গাপূজা উপলক্ষ্যে এডিসির শুভেচ্ছা

এডিসি।স-১২৬

খুমলুঙ, ১৮।১০।২০২৩ইং

ত্রিপুরা উপজাতি স্বশাসিত জেলা পরিষদের চেয়ারম্যান জগদীশ দেববর্মা দুর্গাপূজা উপলক্ষ্যে রাজ্যবাসীর সুখ ও সমৃদ্ধি কামনা করে সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। এই উৎসবের মাধ্যমে রাজ্যের চিরাচরিত সর্বধর্মের প্রতীক ও জাতি উপজাতির মেলবন্ধন আরও মজবুত হবে বলে শ্রীদেববর্মা আশাব্যক্ত করেন।

এদিকে এউপলক্ষ্যে পৃথক পৃথক বার্তায় রাজ্যবাসীর সুখ সমৃদ্ধি কামনা করে সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের নির্বাহী সদস্য সুহেল দেববর্মা।

খুমলুঙে আধার সেবাকেন্দ্র দারোদঘাটন
মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া

এডিসি।স-১২৭

খুমলুঙ, ১৮।১০।২০২৩ইং

আজ এডিসি সদর খুমলুঙে আধার সেবাকেন্দ্রের শুভ দারোদঘাটন করেন মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া। এই উপলক্ষ্যে সংক্ষিপ্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে মৎস্য দপ্তরের নির্বাহী সদস্য রাজেশ ত্রিপুরা উপস্থিত ছিলেন। সন্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুখ্যনির্বাহী আধিকারিক সি. কে. জমাতিয়া, চীফ লিগ্যাল অফিসার দাতামোহন জমাতিয়া, এমডিসি গনেশ দেববর্মা। স্বাগত ভাষণ রাখেন অতিরিক্ত মুখ্যনির্বাহী অফিসার সুবল দেববর্মা। অনুষ্ঠানে সভাপতি আসন অলঙ্কৃত করেন পশ্চিম জোন্যাল কমিটির চেয়ারম্যান টনি দেববর্মা। অনুষ্ঠানে উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করেন ট্রাইবেল ফোক মিউজিক কলেজের ছাত্রছাত্রীগণ।

উদ্বোধনী ভাষণে মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া বলেন খুমলুঙে আধার সেবাকেন্দ্র খোলায় জনগণ হাতের কাছে সুযোগ পাবে। এডিসি এলাকায় আরও আধার সেবাকেন্দ্র খোলার উপর গুরুত্বারোপ করেছেন।

এডিসির কর্মচারী বার্তা সম্পাদক সুশান্ত দেববর্মার
মৃত্যুতে এডিসির চেয়ারম্যানের শোক

এডিসি।স-১২৮

খুমলুঙ, ১৮।১০।২০২৩ইং

গতকাল রাত ৮ টায় এডিসির তথ্য ও সংস্কৃতি দপ্তরের বার্তা সম্পাদক সুশান্ত দেববর্মা হৃদরোগে আক্রান্ত হয়ে মহারাম চৌধুরী পাড়াস্থিত নিজ বাড়ীতে পরলোক গমন করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৭ বছর। তিনি এক ছেলে, চার বোনসহ বহু আত্মীয় সজ্জন রেখে গেছেন। আজ স্বশাসিত জেলা পরিষদের চেয়ারম্যান শ্রীজগদীশ দেববর্মা সুশান্ত দেববর্মার অকাল প্রয়াণে গভীর শোক প্রকাশ করেন। চেয়ারম্যান শ্রীদেববর্মা নিহতের বাড়ীতে গিয়ে দেখা করে খোঁজ খবর নেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানান। এডিসির মুখ্যনির্বাহী সদস্য শ্রীপূর্ণচন্দ্র জমাতিয়া সুশান্ত দেববর্মার অকাল প্রয়াণে গভীর শোক ব্যক্ত করেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানান। এদিকে এম, এল, এ স্বপনা রানী দেববর্মা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সুহেল দেববর্মা, স্বাস্থ্য দপ্তরের নির্বাহী সদস্য কমল কলই, শিক্ষা দপ্তরের নির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, পূর্ত দপ্তরের নির্বাহী সদস্য রুনেইল দেববর্মা এবং এডিসি প্রাক্তন নির্বাহী সদস্য চন্দ্রদয় রূপিনী। এডিসির তথ্য ও সংস্কৃতি দপ্তরের নির্বাহী আধিকারিক চিও দেববর্মা এবং দপ্তরের সকল কর্মচারী বৃন্দ নিহতের বাড়ীতে গিয়ে শোক সন্তপ্ত পরিবার পরিজনদের সাথে মিলিত হয়ে সমবেদনা জ্ঞাপন করেন।